
দৈনিক
ইনকিলাব

তারিখ 20 OCT 2008



ইনকিলাব : নবগঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

# নবগঠিত দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে আগামী বছর থেকে পরীক্ষা অনুষ্ঠিত হবে

মাহফুজুল হক আনার, দিনাজপুর থেকে

দিনাজপুর-রংপুর অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগামী বছর অর্থাৎ ২০০৯ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থী-পরীক্ষার্থিনীরা দিনাজপুরে নবপ্রতিষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে অংশগ্রহণ করবে। পরীক্ষা গ্রহণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে। অন্যান্য শিক্ষা বোর্ডের আগেই দিনাজপুর প্রশ্নপত্র প্রণয়নের প্রাথমিক কাজ সম্পন্ন করার পাশাপাশি উত্তরপত্র তৈরীর কাজ প্রায় শেষ করে এনেছে। ২০০৯ সালের ফেব্রুয়ারী দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে এক লাখেরও বেশী ছাত্র-ছাত্রী এসএসসি এবং অর্ধলাখেরও বেশী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন করেছে বলে জানা গেছে। এ ব্যাপারে দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পৃঃ ৪৮ ক ৬

## নবগঠিত দিনাজপুর শিক্ষা

১২-এর পৃষ্ঠার পর

চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সানাউল্লাহর সাথে যোগাযোগ করলে তিনি জানান, আসন্ন এসএসসি ও এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে প্রাথমিক সব প্রস্তুতি এখন সম্পন্নের পথে। শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের সুবিধার উদ্দেশ্যে এবং পরীক্ষা গ্রহণের জন্য সুষ্ঠুভাবে কাজ সম্পাদনের লক্ষ্যে ইতিমধ্যে পুলহাট স্টাফ কোয়ার্টারের বোর্ড অফিস স্থানান্তর করে শহরের কেন্দ্রস্থল বালুবাড়ী পানির ট্যাংকে সংলগ্ন একটি ৪ তলা ভবন ভাড়া নিয়ে কার্যক্রম শুরু করা হয়েছে। বালুবাড়ীর ভবন-২ এ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন করা হচ্ছে। পরীক্ষা নিয়ন্ত্রক কলেজ ও বিদ্যালয় পরিদর্শকসহ দৈনন্দিন মজুরী ভিত্তিতে প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে যাবতীয় কাজ দ্রুতগতিতে সম্পন্ন করা হচ্ছে। তিনি অত্যন্ত দৃঢ়তার সাথে উল্লেখ করেন নির্দিষ্ট সময়ের আগেই পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়ে যাবে। পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর গিয়াসউদ্দিন আহমেদ জানান, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনস্থ দিনাজপুর ও রংপুর অঞ্চলের সব বিদ্যালয় ও মহাবিদ্যালয়কে দিনাজপুর শিক্ষা বোর্ডের অধিভুক্ত করা হয়েছে। উল্লেখিত দুটি অঞ্চলের প্রায় ৩ হাজার বিদ্যালয়ের মধ্যে প্রায় ২ হাজার ৪০০ বিদ্যালয় থেকে আসন্ন এসএসসি পরীক্ষায় প্রায় এক লাখ ২৭০ জন নিয়মিত হিসেবে পরীক্ষা দেয়ার লক্ষ্যে নিবন্ধনের কাজ সম্পন্ন করেছে। একইভাবে প্রায় ৪৮১টি মহাবিদ্যালয়ের প্রায় ৫৪ হাজার পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন করেছে। শিক্ষা বোর্ডের সাথে সংশ্লিষ্ট দায়িত্বশীল একটি সূত্র জানায়, ২০০৯ সালের পরীক্ষা গ্রহণের জন্য ইতিমধ্যেই অভ্যন্তরীণ সব কাজ সম্পন্ন হয়েছে। প্রশ্নপত্র প্রণয়ন সম্পন্ন হয়েছে এখন পরিশোধনের কাজ চলছে। পরিশোধন এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুদ্রণ শেষে যথাসময়ে কেন্দ্রে কেন্দ্রে পৌঁছানো সম্ভব হবে। একইভাবে মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র টেন্ডার সাপেক্ষে মুদ্রণ ও বাঁধাইয়ের কাজ চলছে। আশা করা হচ্ছে নির্দিষ্ট সময়ের আগেই পরীক্ষার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়ে যাবে।